

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা সমবায় অফিসারের কার্যালয়  
জয়পুরহাট।

স্মারক নং-৪৭.০৬১.৩৮০০.২৪১.৪২.০০৩.২১.

তারিখ : /০৯/২০২২খ্রিঃ।

বিষয় : সরাসরি নিবন্ধন বাতিলের কারণ দর্শানোর নোটিশ।

সূত্র : উপজেলা সমবায় অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট এর স্মারক নং-১৫১, তারিখঃ ২৩/০৬/২২খ্রিঃ এর প্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রে উপজেলা সমবায় অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট এর সুপারিশের প্রেক্ষিতে দেখা যায় যে, ইউরেশিয়া সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ রেজি নং-০২ তারিখঃ ০৩/০১/২০১৮খ্রিঃ, গ্রামঃ ঠেঙ্গাপুর উত্তর, পোঃ + উপজেলাঃ আক্কেলপুর, জেলাঃ জয়পুরহাট। বিগত ০১ (বছর) যাবৎ সমিতিটি অকার্যকর অবস্থায় রয়েছে। সমিতিটিতে বৈধ ব্যবস্থাপনা কমিটি নেই এবং বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা ও মাসিক সভা অনুষ্ঠিত হয় নাই। সমবায় সমিতি আইন-২০০১, (সংশোধন ২০০২ ও ২০১৩) এবং বিধিমালা/২০০৪ এবং নিবন্ধিত উপ-আইনের শর্তভঙ্গ করে কার্যক্রম পরিচালনা করে আসছে।

এমতাবস্থায় সমবায় সমিতি আইন ২০০১, (সংশোধন ২০০২ ও ২০১৩ এর ৫৩(গ) ও ৫৩(ঙ) ধারা মোতাবেক সমিতির নিবন্ধন কেন বাতিল করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ১০/১০/২০২২খ্রিঃ তারিখের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীর দপ্তরে দাখিলের জন্য বলা হলো। ব্যর্থতায় সমিতির নিবন্ধন সরাসরি বাতিল করা হবে।

প্রতি,

জনাব মোঃ আহসান হাবিব  
সভাপতি,  
ইউরেশিয়া সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ  
গ্রামঃ ঠেঙ্গাপুর উত্তর পোঃ আক্কেলপুর  
উপজেলাঃ আক্কেলপুর, জয়পুরহাট।

স্বঃ/  
( মোঃ ইসমাইল হোসেন সিরাজী )  
জেলা সমবায় অফিসার  
জয়পুরহাট।  
ফোন নং-০২৫৮৯৯১৫৬৫৩।  
ই-মেইল: dco\_joypurhat@yahoo.com

স্মারক নং-৪৭.০৬১.৩৮০০.২৪১.৪২.০০৩.২১.

তারিখ : ২৩/০৯/২০২২খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, জয়পুরহাট (মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০২। যুগ্ম- নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট, মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। উপজেলা সমবায় অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট। তাঁকে সমিতির কর্তৃপক্ষের কারণ দর্শানোর পত্রের এক কপি বিতরণ পূর্বক অত্র কার্যালয়ে আগামী ০৬/১০/২২খ্রিঃ তারিখের মধ্যে প্রাপ্তি স্বীকার পত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৫। অফিস নথি।

২৬/০৯/২২  
জেলা সমবায় অফিসার  
জয়পুরহাট।